# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, এই হাদীসটি কাতাদা যুরারাহ বিন আওফা থেকে শ্রবণ করেননি তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ لَمْ يَسْمَعْهُ قَتَادَةُ مِنْ زُرَارَةَ بن أوفى

আরবী

1844 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ قَالَ: سَمِعْتُ زُرَارَةَ بْنَ أَوْفَى يُحَدِّثُ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى الظُّهْرَ فَجَعَلَ رَجُلٌ يَقْرَأُ خَلْفَهُ بِـ: {سبح اسم ربك الأعلى} [الْأَعْلَى: 1] فَلَمَّا انْصَرَفَ قَالَ: (أَيُّكُمُ الَّذِي قَرَأَ أَوْ أَيُّكُمُ الْقَارِئُ)؟ فَقَالَ رَجُلٌ: أَنَا يَا رَسُولَ اللَّهِ فَقَالَ: (قَدْ عَرَفْتُ أَنَّ بَعْضَكُمْ خالجنيها)
الراوي : عِمْرَان بْن حُصَيْنٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1844 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (782)

বাংলা

১৮৪৪. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে যোহর কিংবা আসরের সালাতে কিরা‘আত পাঠ করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমাদের মাঝে কে সূরা আ‘লা পড়েছে?” জবাবে কওমের এক ব্যক্তি বলেন, “আমি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি বুঝতে পেরেছি যে, তোমাদের কেউ আমার সাথে প্রতিদ্বন্দিতা করছে (অথবা আমি যা পড়ছি, তা আমার মুখ থেকে নিয়ে নিচ্ছে)।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৯৮; নাসাঈ: ২/১৪০; তাবারানী: ১৮/৫২৩; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২০৭;

মুসান্নাফ িইবনু আবী শায়বাহ: ১/৩৫৭; মুসনাদ আহমাদ: ৪/৪২৬; আবূ দাঊদ: ৮২৯; তাবারানী আল কাবীর: ১৮/৫২৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭৯৯; হুমাইদী: ৮৩৫; দারাকুতনী: ১/৪০৫; সুনান বাইহাকী: ২/১৬২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91060

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন